


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কার্যালয়,
 লক্ষ্মীপুর।
 lakshmipur.judiciary.org.bd



বিবিধ আদেশ নং- ৪১

তারিখঃ- ২৮ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
 ১১/০৫/২০২০ খ্রিস্টাব্দ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের বিগত ১০/০৫/২০২০খ্রিঃ তারিখের ২১১ নং বিজ্ঞপ্তি মোতাবেক তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে জরুরী জামিন সংক্রান্ত বিষয়সমূহ নিষ্পত্তি করার উদ্দেশ্যে ছুটিকালীন সময়ে (সাপ্তাহিক ছুটি ও বাংলাদেশ সরকার কর্তৃক ২০২০খ্রিঃ বর্ষপঞ্জিতে ঘোষিত ছুটি ব্যতিত) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিজে অথবা তাঁর নিয়ন্ত্রনাধীন এক বা একাধিক ম্যাজিস্ট্রেট দ্বারা “আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০ (আধ্যাদেশ নং-০১, ২০২০) এবং হাইকোর্ট বিভাগ কর্তৃক জারীকৃত “ বিশেষ প্রাকটিস নির্দেশনা” অনুসরণ করতঃ শুধু জামিন সংক্রান্ত বিষয়সমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে নিষ্পত্তি করার উদ্দেশ্যে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। একই সাথে প্রাপ্যতা সাপেক্ষে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে (ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে জামিন আবেদন নিষ্পত্তি করার উদ্দেশ্যে) mycourt.judiciary.org.bd এর মাধ্যমে ই-ফাইলিং এর মাধ্যমে জামিন আবেদন করা যাবে মর্মে নির্দেশনা দেওয়া হয়েছে।

ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে জামিন শুনানী ও আদালত পরিচালনার সুবিধার্থে অত্র কার্যালয়ের ই-মেইল আইডি cjmcourt.lakshmipur@gmail.com এবং ই-ফাইলিং (mycourt.judiciary.org.bd) এর মাধ্যমে আবেদন প্রেরণ করা যাবে। বিগত ০৬/০৫/২০২০খ্রিঃ তারিখের ৪০নং বিবিধ আদেশে উল্লেখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জামিনের আবেদন নিষ্পত্তি করিবেন।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হউক।

- সংযুক্ত ৪- ১। মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর ১০/০৫/২০২০খ্রিঃ তারিখের ২১১নং বিজ্ঞপ্তি ফর্দ-১।
 ২। মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর ১০/০৫/২০২০খ্রিঃ তারিখের ২১৪নং বিজ্ঞপ্তি ফর্দ-৪।

(মোহাম্মদ মুমিনুল হাসান)
 চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
 লক্ষ্মীপুর।

স্মারক নং- ৭৭(৩) /প্র,

তারিখ- ২৮ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
 ১১/০৫/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হইল।

- ১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, লক্ষ্মীপুর।
 ২। কোর্ট পুলিশ পরিদর্শক, লক্ষ্মীপুর।

(মোহাম্মদ মুমিনুল হাসান)
 চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
 লক্ষ্মীপুর।

১১/০৫/২০২০খ্রিঃ